দৈনিক ইত্তেফাক

তারিখ 25 MAY 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

# এমপিওভুক্তির দাবিতে উৎপাদন ব্যবস্থাপনা শিক্ষকদের মানববন্ধন

■ ইত্তেফাক রিপোর্ট

এমপিওভুক্ত কলেজে নিয়োগপ্রাপ্ত উচ্চ মাধ্যমিক পর্যায়ে ব্যবসায় শিক্ষা শাখার ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা শাখার প্রভাষকরা এমপিওভুক্তির দাবিতে মানববন্ধন করেছেন। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে বাংলাদেশ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা শিক্ষক পরিষদের ব্যানারে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, আমরা এমপিওভুক্ত কলেজে শিক্ষামন্ত্রণালয় জারি করা ১১ ডিসেম্বর, ২০১৩ তারিখের পরিপত্র অনুযায়ী শিক্ষক নিয়োগের আদেশে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ব্যবসায় শিক্ষা শাখার আবশ্যিক বিষয় ফিন্যান্স, ব্যাংকিং ও বিমার নিয়োগপ্রাপ্ত। কিন্তু এমপিওভুক্ত কলেজে নিয়োগ পাওয়ার পরও আমাদের শতাধিক প্রভাষককে এমপিওভুক্ত করা হয়নি।